



## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
Web Site: www.bteb.gov.bd

### ২০১৬ শিক্ষাবর্ষে এসএসসি(ভোকেশনাল) ও দাখিল(ভোকেশনাল) শিক্ষাক্রমে নবম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত এসএসসি(ভোকেশনাল) ও দাখিল(ভোকেশনাল) শিক্ষাক্রমের প্রবিধান ও সিলেবাস বর্তমান চাকরি বাজারের চাহিদা ও প্রযুক্তিগত পরিবর্তনের নিরীখে পরিমার্জন ও যুগোপযোগী করা হয়েছে। বোর্ড অনুমোদিত বাংলাদেশ ইন্সটিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি), টেকনিক্যাল ট্রেনিং সেন্টার(টিটিসি), টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট(টিভিআই), স্বতন্ত্র কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাসমূহে এসএসসি(ভোকেশনাল)/দাখিল(ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০১৫ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ট্রেড ও আসন সংখ্যা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

#### ১.০ ভর্তির নিয়মাবলী

- ১.১ এসএসসি(ভোকেশনাল) এবং দাখিল(ভোকেশনাল) শিক্ষাক্রমে নবম শ্রেণিতে ভর্তিচ্ছু প্রার্থীকে জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/অষ্টম শ্রেণি পাস হতে হবে।
- ১.২ ১ম শিফটের ভর্তিচ্ছু প্রার্থীদের ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে বয়স অনূর্ধ্ব ২০(বিশ) বছর হতে হবে। ২য় শিফটের জন্য বয়সের উর্ধ্বসীমা শিথিলযোগ্য।
- ১.৩ ভর্তিচ্ছু প্রার্থীকে যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে ইচ্ছুক সে প্রতিষ্ঠান হতে অফেরভযোগ্য ১০০.০০(একশত) টাকার বিনিময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণীত ভর্তি তথ্যবিবরণী ও ভর্তির আবেদনপত্র/ফরম সংগ্রহ করতে হবে।
- ২.০ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অফিসে যোগাযোগ করে ভর্তি বিষয়ে বিস্তারিত জানা যাবে। ভর্তি সংক্রান্ত তথ্য বোর্ডের নিজস্ব ওয়েব সাইট ([www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd))-এ দেখা যাবে।
- ৩.০ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ভর্তি ফরম ও ভর্তি তথ্য বিবরণী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট থেকে ডাউন লোড করে ভর্তিচ্ছু প্রার্থীদের মধ্যে বিক্রির ব্যবস্থা নেবে।
- ৪.০ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১-৯১৮ তারিখ: ০৩ নভেম্বর, ২০১৫ খ্রিঃ মোতাবেক কোটা সংরক্ষিত থাকবে।

#### ৫.০ ভর্তি সংক্রান্ত সময়সূচী

কার্যক্রম	প্রতিষ্ঠান		
	টিটিসি/টিভিআই (প্রথম শিফট)	টেকনিক্যাল স্কুল ও কলেজ (প্রথম শিফট ও দ্বিতীয় শিফট)	বেসরকারি প্রতিষ্ঠান (প্রথম শিফট)
আবেদনপত্র বিতরণ ও গ্রহণ	১৫/১২/২০১৫ খ্রিঃ হতে ০৭/০১/২০১৬ খ্রিঃ পর্যন্ত	১৫/১২/২০১৫ খ্রিঃ হতে ০৭/০১/২০১৬ খ্রিঃ পর্যন্ত	১৫/১২/২০১৫ খ্রিঃ হতে ০৭/০১/২০১৬ খ্রিঃ পর্যন্ত
(সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটি ব্যতিত)			
মেধা তালিকা প্রকাশ	১০/০১/২০১৬ খ্রিঃ	১০/০১/২০১৬ খ্রিঃ	১০/০১/২০১৬ খ্রিঃ
শিক্ষার্থী ভর্তি	১১/০১/২০১৬ খ্রিঃ হতে ১৪/০১/২০১৬ খ্রিঃ পর্যন্ত	১১/০১/২০১৬ খ্রিঃ হতে ১৪/০১/২০১৬ খ্রিঃ পর্যন্ত	১১/০১/২০১৬ খ্রিঃ হতে ১৪/০১/২০১৬ খ্রিঃ পর্যন্ত
	ক্লাস আরম্ভের তারিখ		১৪/০১/২০১৬ খ্রিঃ

মোঃ আক্তারউজ্জামান  
পরিচালক (কারিকুলাম)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।